মনিটরিং প্রতিবেদন

আমি নিম্নস্বাক্ষরকারী গত ১২/০৩/২০১৯ খ্রি: তারিখ সকাল ১১.০০ টায় শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমি, জিরানী, গাজীপুর অফিসটি পরিদর্শন করি। পরিদর্শনকালে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মোহাঃ মোখলেসুর রহমান উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। একাডেমিটি জিরানী, গাজীপুর ১০ বিঘা জমির ওপর অবস্থিত। এখানে ০১ জন প্রথম শ্রেণির কর্মকর্তা, ০৩ জন তৃতীয় শ্রেণির এবং ১০ জন চতুর্থ শ্রেণির কর্মচারী সহ সর্বমোট ১৬ জন কর্মচারী কর্মরত। প্রশিক্ষণের জন্য বিষয়ভিত্তিক ০৪ জন অতিথি প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়। ৬ তলা বিশিষ্ট পাকা ভবনে প্রশিক্ষণ কার্যক্রম সহ প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা হয়। ভবনের আংশিক হোস্টেল হিসাবে ব্যবহার করা হয়। পরিদর্শন কালে এ অফিসে ব্যবহৃত রেজিস্টারসমূহ পর্যালোচনা করা হয়।

প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান রেজিষ্টারঃ গত ০১/০১/২০১৭ তারিখ হতে ব্যবহৃত হচ্ছে। এটি প্রত্যয়ন করা আছে। প্রশিক্ষণার্থীদের ভাতা দেয়া হচ্ছে। ভাতা পরিশোধ করা হয়েছে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর নামের বিপরীতে তাদের নিজ নিজ স্বাক্ষর রয়েছে।

ক্যাশ বহিঃ ক্যাশ বহি পর্যালোচনা করা হলো। ১৬/১০/২০১৮ তারিখের পর হতে কর্মকর্তার স্বাক্ষর নেই- যা কাম্য নয়। তবে ৬/২/২০১৯ তারিখ পর্যন্ত হিসাব উত্তোলন করা হয়েছে ক্যাশ বহিতে । ক্যাশ বহি অনুযায়ী ৫/২/২০১৯ তারিখ পর্যন্ত সঞ্চিত অর্থের পরিমান ৩২,৬৩,২৩২.৩২/- টাকা।

কার্যবিবরনী রেজিষ্টারঃ গত ২/৭/২০১৭ তারিখ হতে এটি ব্যবহৃত হচ্ছে। প্রশিক্ষণার্থীদের ভর্তি করা হয় কমিটির সভার মাধ্যমে। সভা সমূহের কার্যবিবরনী সংরক্ষণ করা হচ্ছে।

বিল রেজিষ্টারঃ এটি ০৪/০৭/২০১৭ তারিখ হতে ব্যবহার করা হচ্ছে।রেজিষ্টারটি প্রত্যয়ন করা হয়েছে।

প্রশিক্ষণ কার্যক্রমঃ

- প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের জন্য প্রশিক্ষণ চলাকালীন বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থীদের ক্লাসে উপস্থিত হয়ে প্রশিক্ষণের উপযোগিতা, তাদের সমস্যা সম্পর্কে জানতে চাওয়া হয়।

- মোবাইল সার্ভিসিং ট্রেড প্রশিক্ষণে সকলে উপস্থিত ছিলেন। তাদের প্রশিক্ষণে কোন সমস্যা হচ্ছে না জানা যায়।

- বিউটিফিকেশন ট্রেড এর প্রশিক্ষণে ক্লাসে ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রম দেখা গেল। প্রশিক্ষণের জন্য ব্যবহার্য প্রসাধনীর গুনগত মান ভালো ছিলো।

- কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থী ৩০ জন করে ভর্তি করা হয়। কিন্তু কম্পিউটার সংখ্যা তুলনামূলক ভাবে অনেক কম। একই সাথে সকল প্রশিক্ষণার্থীর টাইপ শেখার সুযোগ হয় না।

- ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন এন্ড মেইনটেন্যান্স ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম দেখা গেল। প্রশিক্ষণের প্রতি প্রশিক্ষণার্থীদের আগ্রহ/কাজ শেখার ধরণ আকর্ষণীয় মনে হয়েছে।

সমস্যাঃ

- কম্পিউটার প্রশিক্ষণ ট্রেডে সকল প্রশিক্ষণার্থী একত্রে কম্পিউটার ব্যবহারের সুযোগ পায় না। কম্পিউটারের সংখ্যা প্রশিক্ষণার্থীদের তুলনায় অপ্রতুল।

- একাডেমিতে ০১টি মাইক্রোবাস ও ০১টি ডাবল কেবিন পিকআপ রয়েছে, যা বর্তমানে অচল।

সুপারিশঃ

- প্রশিক্ষণ কাজে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধির জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একাডেমিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে পরামর্শ দেয়া হলো।

- ক্যাশবহিতে প্রতি দিনের হিসাব উত্তোলন করার জন্য এবং প্রতিদিনের হিসাব শেষে কর্মকর্তার স্বাক্ষর প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- হোস্টেলে প্রশিক্ষণার্থীদের অবস্থান কালীন নিরাপত্তার বিষয়টির ওপর নজর রাখার পরামর্শ দেয়া হলো।

- একাডেমির যানবাহন সংকট নিরসনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৫/৩/১৭

(শিবানী ভট্টাচার্য্য)
পরিচিতি নং-৫৮৫৯
যুগ্ম-সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়